তারিখ ... 21 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

সংবাদ

# চাঁদপুরের ৫৭ শিক্ষার্থীর রসায়ন খাতা পুনঃমূল্যায়ন দাবি

নিজস্ব বার্তা পরিবেশক, চাঁদপুর

শিক্ষামন্ত্রীর কাছে রসায়নবিদ্যা পরিক্ষার খাতা পুনরায় দেখার আবেদন জানিয়েছেন চাঁদপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের ৫৭ শিক্ষার্থী। তাদের দাবি কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত রসায়নবিদ্যা পরীক্ষায় একসঙ্গে এত পরীক্ষার্থী অকৃতকার্য হতে পারে না। এতে বিদ্যালয় কর্তৃপক্ষের কোন গাফলতি থাকতে পারে বলে শিক্ষার্থীরা মনে করেন। তাদের ধারণা, বর্তমান কলেজের অধ্যক্ষের অধীনেই গত বছর সমাজ পরীক্ষায় ৪৭ জন পরীক্ষার্থী ফেল করে। কিন্তু কলেজের অধ্যক্ষ কিংবা কর্তৃপক্ষ এ ব্যাপারে যেন উদাসীন। তারা তাদের ভবিষ্যতের জন্য সরকার ও শিক্ষামন্ত্রীর কাছে পরীক্ষা দেয়া রসায়নের খাতা পুনরায় দেখার দাবি জানান। মঙ্গলবার দুপুরে শহরের ষোলোঘর এলাকায় অবস্থিত কলেজের সামনে অকৃতকার্য শিক্ষার্থীরা এ ব্যাপারে কলেজের সামনে অবস্থান নেয়। শিক্ষার্থী মরিয়ম আক্তার জানান, এবারের রসায়ন পরীক্ষায় আমরা খুব ভালোভাবে পরীক্ষা দিয়েছি। আমরা ৮টি প্রশ্নের মধ্যে সবগুলোই উত্তর দিয়েছি। কিন্তু কেন আমার্দের রেজাল্টের সময় এই বিষয়ে ভালো ফলাফল হয়নি আমরা বুঝতে পারছি না। শিক্ষার্থী ওয়াসীম জানান, আমরা আমাদের পরীক্ষার ব্যাপারে এবং বিভিন্ন বিষয়ে জানতে চাইলেও কর্তৃপক্ষ কোন সদুত্তর দেয় না। আমাদের বিদ্যালয়ে কোন রসায়নবিদ্যা বিভাগের শিক্ষকও নাই। আমরা ৩০ নম্বর পরীক্ষার মধ্যে ভালো পরীক্ষা দিয়েছি। সবগুলো প্রশ্নেরই উত্তর দেয়া হয়েছে। আমাদের পরীক্ষার পাস নম্বর মাত্র ১০ নম্বর। আমাদের মনে হয় রেজাল্ট নিয়ে কোন কিছু করতে পারে কলেজ কর্তৃপক্ষ। আমরা এর সুষ্ঠু সমাধান আশা করছি।

এ ব্যাপারে কলেজের অধ্যক্ষ মো. সোলেয়মান জানান, আসলে ওরা পাস করলে আমাদের রেজাল্ট আরও ভালো হতো। আমি রেজাল্টের বিষয়ে কারিগরি শিক্ষা বোর্ডের সঙ্গে আলাপ করেছি। পরীক্ষা পুনরায় নেয়ার জন্য আবেদন করা হয়েছে। আর আমাদের এখানে তো খণ্ডকালীন রসায়নের শিক্ষক রয়েছে।